# বরিশাল বোর্ড-২০১৯

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** 'ক' একটি গ্রামভিত্তিক রাজনৈতিক প্রতিষ্ঠান। দশ থেকে পনেরটি গ্রামের মধ্যেই প্রতিষ্ঠানটির কার্যক্রম বিস্তৃত। জনাব হাফিজ প্রতিষ্ঠানটির কর্ণধার। তিনি জনগণের নির্বাচিত প্রতিনিধি। তাঁর সততা, কতর্ব্যনিষ্ঠা ও জনগণের প্রতি অকৃত্রিম ভালবাসা তাকে জনদরদী প্রকৃত বন্ধুতে পরিণত করেছে।


ক. গ্রাম্য আদালত কী? ১

খ. পরোক্ষ নির্বাচন পদ্ধতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'ক' প্রতিষ্ঠানটির নাম কী? এর গঠন ব্যাখ্যা কর। ৩

ঘ. গ্রামীণ সমস্যা সমাধান এবং দায়িত্বশীল নেতৃত্ব তৈরির ক্ষেত্রে জনাব হাফিজ এর প্রতিষ্ঠানের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

**২.▶**




ক. বাংলাদেশে প্রথম সরকার গঠিত হয় কখন? ১

খ. প্রশাসনকে রাষ্ট্রের হৃৎপিন্ড বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. চিত্রের 'গ' দ্বারা সরকারের কোন বিভাগকে নির্দেশ করছে? তার গঠন ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের 'খ' নিয়ন্ত্রিত হয় 'ক' দ্বারা"— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**৩.▶** আকবর মিয়া নিরক্ষর। সে অল্প বয়সে বিয়ে করে চার কন্যা সন্তানের বাবা হয়। ছেলের আশায় দ্বিতীয় বিয়ে করলে তার আরও দুই মেয়ে এবং এক ছেলের জন্ম হয়। তার সংসারে অভাব লেগেই থাকে। আকবর মিয়ার প্রতিবেশী বরকত আলী ১০ বিঘা জমিতে ইটের ভাটা ও ধান চাষ করেছে। ইটের ভাটার জ্বালানির জন্য সে প্রতিনিয়ত গাছ কাটছে। জমিতে অধিক ফলনের জন্য কীটনাশক ও সার ব্যবহার করছে।

https://teachingbd24.com

ক. নারী নির্যাতন কী? ১
খ. অর্থনৈতিক বৈষম্য সন্ত্রাসের একটি কারণ— ব্যাখ্যা কর। ২
গ. আকবর মিয়ার পরিবারে জনসংখ্যা বৃদ্ধির কারণগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. বরকত আলী কর্মকান্ডের ফলে পরিবেশগত যে দুর্যোগ দেখা দিচ্ছে তা থেকে পরিত্রাণের উপায়গুলো তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪.▶ দৃশ্যকল্প-১: জনাব মাইন উদ্দীন ছেলেকে ক্যাডেট কলেজে ভর্তির নিমিত্তে অনলাইনে ফরম পূরণ করতে গিয়ে দেখেন যে, এর সাথে নিজের বাৎসরিক আয়ের সনদ ও ছেলের জন্ম সনদের সত্যায়িত কপি প্রয়োজন। পাশের বাসার জালাল উদ্দীন সাহেবের কাছে সমাধান চাইলে, তিনি স্থানীয় জন প্রতিনিধির অফিসে যাওয়ার পরামর্শ দেন।

দৃশ্যকল্প-২: জনাব রহমান যে অফিসে চাকুরী করেন, সারাদেশে তার ৩১৪টি শাখা রয়েছে। প্রতিষ্ঠানটি শহরের জনসাধারণের স্বাস্থ্যসেবা প্রদান, হোস্টেল নির্মাণ, রাস্তা ও নর্দমা নির্মাণ, বিশুদ্ধ পানি সরবরাহ ও গাড়ির লাইসেন্স প্রদানের কাজ করে। একই এলাকার জনাব আতিক উল্লাহ অন্য একটি অফিসে কাজ করেন। সারাদেশে সেটির মাত্র ১১টি শাখা রয়েছে। দেশের প্রধান প্রধান শহরগুলোতে শাখাগুলো অবস্থিত।

ক. উপজেলা পরিষদের আয়ের উৎস কী? ১
খ. পার্বত্য অঞ্চলের স্থানীয় সরকার ব্যবস্থা আলাদা হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২
গ. জনাব মাইন উদ্দীন-এর ঘটনাটি বাংলাদেশের কোন ধরনের সরকারের আওতায় পড়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আতিক উল্লাহ ও জনাব রহমান-এর অফিসের কাজের প্রকৃতি কি একই? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ রফিক সাহেব 'ক' নামক সংগঠনের প্রধান। তাঁর সংগঠনটি কতগুলো সামাজিক রীতি-নীতির মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। সংগঠনের কর্মচারীদের মধ্যে দ্বন্দ্ব দেখা দিলে তা সহজে সমাধান করা যায় না। অন্যদিকে মহসিন সাহেব 'খ' নামক অপর একটি সংগঠনের প্রধান। তাঁর সংগঠন পরিচালনার জন্য নির্দিষ্ট কিছু নিয়ম-কানুন আছে। এখানে কর্মচারীদের অধিকার স্বীকৃত এবং সকলের মতামতকে গুরুত্ব দেওয়া হয়ে থাকে। কোনো সংকটকালীন অবস্থার সৃষ্টি হলে লিখিত গঠনতন্ত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারেন। তিনি তাঁর সংগঠনের কর্মচারীদের সুযোগ-সুবিধার প্রতি খেয়াল রাখেন।

ক. সংবিধান কী? ১
খ. 'সংবিধান ছাড়া রাষ্ট্র পরিচালনা সম্ভব নয়'— ব্যাখ্যা কর। ২
গ. রফিক সাহেবের সংগঠনের কার্যাবলির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সংবিধানের মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর মহসিন সাহেবের সংগঠনটির প্রকৃতি আর বাংলাদেশের সংবিধানের প্রকৃতি একই? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

teachingbd24.com

৬.▶ জনাব আমিনুল একজন বিত্তশালী কৃষক তাঁর এক মেয়ে নীলা এবং ছেলে আকাশ। তিনি আকাশের লেখাপড়ার ব্যাপারে যতটা সচেতন নীলার লেখাপড়ার ব্যাপারে কোনো আগ্রহ দেখলেন না। এতে নীলা হতাশ হয়। জনাব আমিনুল নীলাকে সেলাইয়ের প্রশিক্ষণ নেয়ার পরামর্শ দেন।

ক. প্রকৃত অর্থে সাম্য কী? ১
খ. সাম্য ও স্বাধীনতার ধারণা কিভাবে পরস্পরের পরিপূরক? বুঝিয়ে লেখ। ২
গ. নীলা কোন সাম্য থেকে বঞ্চিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আমিনুলের সিদ্ধান্তটি আমাদের সমাজব্যবস্থার ক্ষেত্রে কতটুকু যুক্তিযুক্ত? তোমার মতামত দাও। ৪

৭.▶ 'জন' এর দেশের সরকার ব্যবস্থায় আঞ্চলিক বৈশিষ্ট্য ও ভিন্নতাকে স্বীকৃতি দেয়া হয়। প্রত্যেকে নিজ নিজ ক্ষেত্রে স্বাধীন ও স্বতন্ত্র থেকে দেশ পরিচালনা করেন। অপরদিকে রফিকের দেশের সরকার জনগণের ভোটে নির্বাচিত এবং তার কাজের জন্য জনগণের কাছে জবাবদিহি করতে হয়।

ক. পুঁজিবাদী রাষ্ট্র কী? ১
খ. গণতন্ত্রে নাগরিকগণ কিভাবে প্রকৃত ক্ষমতার অধিকারী হয়? ব্যাখ্যা কর। ২
গ. 'জন' এর রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. "রফিকের দেশে বিদ্যমান সরকার ব্যবস্থা আধুনিক বিশ্বে অতি জনপ্রিয়"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮.▶ আবিদ ও আরমান দুই বন্ধু। আরমান যুক্তরাষ্ট্রে পড়ালেখা শেষ করে সে দেশের নাগরিক জেসিকে বিয়ে করেন। সেখানে তিনি ব্যবসা করছেন। দীর্ঘ সময় থাকার ফলে ভালভাবে ভাষা রপ্ত করেছেন। তিনি সেই দেশের নিয়মিত কর প্রদান করেন। তিনি এখন যুক্তরাষ্ট্রের নাগরিক। তার বন্ধু আবিদ সাবিনাকে বিয়ে করে যুক্তরাষ্ট্রে যান পড়ালেখা করার জন্য। সেখানে তাদের একটি পুত্র সন্তান কায়সারের জন্ম হয়। শিক্ষা শেষ করে আবিদ ও সাবিনা দম্পতি যুক্তরাষ্ট্রে বসবাস করছেন এবং নাগরিকতা লাভের চেষ্টা করছেন।

ক. দ্বৈত নাগরিকতা কাকে বলে? ১
খ. অধিকার ও কর্তব্য একে অপরের পরিপূরক— ব্যাখ্যা কর। ২
গ. আরমান কিভাবে যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবিদ ও কায়সারের নাগরিকত্ব লাভের পদ্ধতি কি একই? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯.▶ আরিফ, আসিফ ও জাহিদের মধ্যে পৌরনীতি ও নাগরিকতা বিষয় নিয়ে আলোচনা হচ্ছিল। আরিফ বলল আমাদের দেশ সৃষ্টি হয়েছে এক অসাধারণ শক্তির মাধ্যমে, যার কোনো তুলনা হয় না। এর জন্য আমরা স্বাধীনভাবে বসবাস করতে পারছি। আসিফ বলল যে আগে অরাজকতাপূর্ণ ও দুর্বিসহ পরিবেশে বসবাস করত। তা থেকে মুক্তির জন্য ও শান্তিতে বসবাস করার জন্য আলোচনা ও চুক্তির মাধ্যমে রাষ্ট্র গঠন করেছে। জাহিদ বলল, তোমাদের এই ধারণা ভুল।

https://teachingbd24.com

রাষ্ট্র একদিনে সৃষ্টি হয়নি। ধীরে ধীরে অনেক পরিস্থিতির কারণে সৃষ্টি হয়েছ। এটি নানা নিয়ম নীতির ফল।

ক. পরিবার কী? ১

খ. সমাজের সাথে মানুষের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. আরিফের বক্তব্যটি রাষ্ট্র সৃষ্টির কোন মতবাদকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আসিফ ও জাহিদের বক্তব্যটির মধ্যে কোনটিকে অধিকতর গ্রহণযোগ্য বলে মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ মুক্তিযোদ্ধা জনাব মামুন নাতি সেলিম ও নাতনী কেয়াকে মুক্তিযুদ্ধের গল্প শুনাচ্ছিলেন। মুক্তিযুদ্ধ শুরুর পূর্বের রাতের ঘটনা বলতে গিয়ে তার চোখ দিয়ে পানি বের হয়ে আসে। এতে সেলিম এবং কেয়াও বাকরুদ্ধ হয়ে যায়। কিছুক্ষণ পর তিনি সেলিম ও কেয়াকে বললেন যে, আমরা যে ভাষায় মুক্তিযুদ্ধের গল্প বলছি তারও একটি মর্মপীড়াদায়ক আন্দোলনের ইতিহাস রয়েছে। সেই আন্দোলনের সূত্র ধরেই আমরা আজ স্বাধীন জাতি।

ক. দ্বিজাতি তত্ত্ব কী? ১

খ. ছয়-দফা কর্মসূচিকে বাঙালী জাতির মুক্তির সনদ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মামুন যে রাতের ঘটনা বর্ণনা করতে গিয়ে কেঁদে ফেলেছিলেন সে রাতটির বর্ণনা দাও। ৩

ঘ. "উদ্দীপকের শেষাংশে যে আন্দোলনের কথা বলা হয়েছে তা বাঙালী জাতিয়তাবাদী চেতনাকে জাগ্রত করেছিল"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১.▶ জামিল ও রোজিনা স্বামী-স্ত্রী। জামিল বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত। তিনি বর্তমানে একটি আন্তর্জাতিক সংস্থার অধীনে শান্তিরক্ষী বাহিনীর সদস্য হিসেবে কর্তব্য পালন করছেন। অন্যদিকে রোজিনা একটি আন্তর্জাতিক সংস্থায় চাকুরি করেন। চাকুরী সুবাদে তিনি কিছুদিন যাবৎ লন্ডনে বসবাস করছেন। সেখানে জেসিকা নামে এক সহকর্মীর সাথে তার ভাল বন্ধুত্ব হয়। রোজিনা জেসিকাকে বলেন যে, এ সংস্থাটি আমাদের মুক্তিযুদ্ধ চলাকালীন অনেক সাহায্য-সহযোগিতা করেছে। অনেক মানুষকে খাদ্য, আশ্রয় ও ঔষধ দিয়ে সাহায্য করেছে। যুদ্ধের পরও এ সংস্থার সদস্য রাষ্ট্রিগুলোর সহযোগিতার ফলে যুদ্ধের ক্ষয়ক্ষতি দ্রুত কাটিয়ে উঠতে আমরা সক্ষম হয়েছি।

ক. অছি এলাকা কী? ১

খ. আন্তর্জাতিক বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানটি ভূমিকা রাখে? প্রতিষ্ঠানটির কার্যাবলি ব্যাখ্যা কর। ২

গ. রোজিনা কোন আন্তর্জাতিক সংস্থায় কর্মরত আছেন? সংস্থাটির গঠন-কাঠামো ব্যাখ্যা কর। ৩

ঘ. জামিল যে সংস্থার অধীনে শান্তিরক্ষী বাহিনীতে কর্মরত আছেন, সে সংস্থাটির সাথে বাংলাদেশের সম্পর্ক কিরূপ? বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ক্ষমতার বণ্টন নীতির ভিত্তিতে গঠিত সরকার ব্যবস্থা কোনটি?**
ক) যুক্তরাষ্ট্রীয়  খ) সংসদীয়
গ) রাষ্ট্রপতি শাসিত  ঘ) নিয়মতান্ত্রিক

**২. পৌরসভা পৌরবাসীর জন্য করে থাকে—**
i. বিশুদ্ধ পানি সরবরাহ
ii. রাস্তাঘাট নির্মাণ ও সংরক্ষণ
iii. দুস্থদের জন্য আশ্রয় নির্মাণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i  খ) i ও ii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**৩. পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের কতজন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্য রয়েছে?**
ক) ৮  খ) ১০
গ) ১২  ঘ) ১৪

**৪. ভাষা-আন্দোলন বাংলার মানুষের কোনটি জাগ্রত করে?**
ক) গণতান্ত্রিক মনোভাব
খ) অধিকারের চেতনা
গ) ধর্মীয় মূল্যবোধ
ঘ) দেশ গড়ার চেতনা

**৫. বাংলাদেশ জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীতে আনুমানিক কত হাজার সৈন্য পাঠিয়েছে?**
ক) ১০,০০০  খ) ১১,০০০
গ) ১২,০০০  ঘ) ১৩,০০০

**৬. সার্কের প্রথম সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?**
ক) পাকিস্তানে  খ) ভারতে
গ) বাংলাদেশে  ঘ) শ্রীলংকায়

**৭. ওআইসি মুসলমানদের জন্য কাজ করে থাকে—**
i. বর্ণবৈষম্য বিলোপ করে
ii. ভ্রাতৃত্ব রক্ষা করে
iii. পবিত্র ভূমি রক্ষা করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৮. কেন্দ্রীয় প্রশাসনের কেন্দ্রবিন্দু কোনটি?**
ক) মন্ত্রণালয়  খ) জাতীয় সংসদ
গ) সুপ্রিম কোর্ট  ঘ) সচিবালয়

**উদ্দীপকটি পড়ে ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
বশিরের তিন ছেলে। বশিরের স্ত্রী বলে, আমাদের আর সন্তান নেয়ার দরকার নেই। বশির বলল, ছেলে বেশি হলে আমাদের অনেক সুবিধা হবে।

**৯. বশিরের মধ্যে জনসংখ্যা বৃদ্ধির কোন কারণ লক্ষ করা যায়?**
ক) আর্থ-সামাজিক নিরাপত্তা
খ) সামাজিক দৃষ্টিভঙ্গি
গ) শিক্ষার অভাব
ঘ) জন্ম শাসনের অভাব

**১০. ১৯৬২ সালে শিক্ষার্থীদের জন্য কোন ধরনের সুপারিশ করা হয়?**
i. শিক্ষা খরচ শিক্ষার্থীদের বহন করা
ii. মেয়েদের জন্য অবৈতনিক শিক্ষা চালু করা
iii. ডিগ্রি কোর্সকে তিন বছর মেয়াদী করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**১১. ভারতে প্রতি বর্গ কিলোমিটারে কতজন লোক বাস করে?**
ক) ৩৬০  খ) ৩৬১
গ) ৩৬২  ঘ) ৩৬৩

**নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
১৯৭১ সালে জিহাদ ফরিদপুরের একটি কলেজের ছাত্র ছিল। ২৬শে মার্চ বিকালে গ্রামের বাড়িতে চলে আসে। প্রতিবেশী কৃষক মতিনকে নিয়ে যুদ্ধের প্রশিক্ষণ নেয়। তাদের আক্রমণে পাকবাহিনী দিশেহারা হয়ে পড়ে।

**১২. জিহাদ ও মতিন স্বাধীনতা যুদ্ধে কোন বাহিনীতে যোগ দিয়েছিল?**
ক) নিয়মিত বাহিনী  খ) অনিয়মিত বাহিনী
গ) যৌথ বাহিনী  ঘ) মিত্র বাহিনী

**১৩. যুদ্ধকালীন সময়ে জিহাদ ও মতিনের বাহিনী স্বাধীনতা অর্জনে সহায়তা করেছিল—**
i. গেরিলা যুদ্ধে অংশগ্রহণে বিরত থেকে
ii. পাকিস্তানী বাহিনীর গতিবিধি লক্ষ্য রেখে
iii. নিয়মিত বাহিনীকে বিভিন্ন তথ্য দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১৪. পৌরনীতিকে কে জ্ঞানের মূল্যবান শাখা বলেছেন?**
ক) জন লক  খ) ম্যাকাইভার
গ) ই.এম. হোয়াইট  ঘ) টমাস হবস

**১৫. নেতার যেখানে জনসাধারণের কাছে জবাবদিহি থাকে না, সেখানে অরাজকতার সৃষ্টি হয়।— রাষ্ট্রের উৎপত্তি সংক্রান্ত কোন মতবাদে বলা হয়েছে?**
ক) শক্তি প্রয়োগ  খ) ঐশী
গ) সামাজিক চুক্তি  ঘ) ঐতিহাসিক

**উদ্দীপকটি পড়ে ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
পরিবার গঠনের একটি গুরুত্বপূর্ণ কাজ বিবাহ। একজন পুরুষ ও একজন নারী বিবাহ করে পরিবার গঠন করে।

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. উদ্দীপকে বাংলাদেশের পরিবারের ধরন কেমন?
ⓚ একপত্নীক ⓚ বহুপতি
ⓖ দ্বিপত্নীক ⓘ বহুপত্নীক

১৭. অন্ধ ব্যক্তির সাহায্য পাওয়া কোন ধরনের অধিকার?
ⓚ আইনগত ⓚ ধর্মীয়
ⓖ সামাজিক ⓘ নৈতিক

১৮. রাষ্ট্রপতি কাদের ভোটে নির্বাচিত হন?
ⓚ জনগণের ⓚ সংসদ সদস্যদের
ⓖ প্রধানমন্ত্রীর ⓘ স্পিকারের

**নিচের অনুচ্ছেদ পড়ে ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
আমেরিকার নাগরিক মি. আইজ্যাক তার স্ত্রীকে নিয়ে ভ্রমণের উদ্দেশ্যে বাংলাদেশ বিমানযোগে ভারতে গমন করেন। ভারতে আসার পর তাদের এক কন্যা সন্তানের জন্ম হয়।

১৯. মি. আইজ্যাক এর কন্যা নাগরিক হবে—
i. ভারতের
ii. আমেরিকার
iii. বাংলাদেশের
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓘ ii ও iii

২০. জনাব ফাহমিদা আইনসভার সদস্য। তাদের কে অধিবেশনে আহ্বান করেন?
ⓚ রাষ্ট্রপতি ⓚ প্রধানমন্ত্রী
ⓖ স্পিকার ⓘ ডেপুটি স্পিকার

২১. গণতন্ত্রে বিরোধীদল ভূমিকা রাখে—
i. ছায়া সরকার হিসেবে
ii. ত্রুটি-বিচ্যুতি ধরিয়ে দিয়ে
iii. সরকার পরিচালনা করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓘ i, ii ও iii

২২. নিচের কোনটি জাতীয় পর্যায়ের নির্বাচন?
ⓚ সংসদ ⓚ সিটি কর্পোরেশন
ⓖ পৌরসভা ⓘ জেলা পরিষদ

২৩. আইনের মূলকথা কোনটি?
ⓚ বাহ্যিক আচরণ নিয়ন্ত্রণ করা
ⓚ ব্যক্তি স্বাধীনতার রক্ষক
ⓖ সবাইকে সমান চোখে দেখা
ⓘ অনাচার রোধ করা

**নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব 'ক' একটি দেশের রাষ্ট্রপ্রধান। জনাব 'খ'ও একটি দেশের রাষ্ট্রপ্রধান। এদের মধ্যে সমুদ্রের দ্বীপ দখল নিয়ে সংঘাত বেঁধে যায়। জনাব 'খ' দ্রুত সিদ্ধান্ত নিয়ে অভিযান চালিয়ে দ্বীপটি দখল করে নেন। ততক্ষণে জনাব 'ক' সিদ্ধান্ত নিতে পারেননি।

২৪. জনাব 'ক' এর দেশের সংবিধানের বৈশিষ্ট্য হলো—
i. লিখিত সংবিধান
ii. দুষ্পরিবর্তনীয় সংবিধান
iii. এতে বিপ্লবের সম্ভাবনা কম
নিচের কোনটি সঠিক?
ⓚ ii ⓚ iii
ⓖ i ও ii ⓘ i, ii ও iii

২৫. জনাব 'খ' এর দেশের সংবিধানের বৈশিষ্ট্য কোনটি?
ⓚ সুস্পষ্টতা
ⓚ স্থিতিশীলতা
ⓖ যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার উপযোগী
ⓘ জরুরী প্রয়োজনে সহায়ক

২৬. সরকারী আইনে কোনটি নির্ধারিত হয়?
ⓚ ব্যক্তির সাথে ব্যক্তির সম্পর্ক
ⓚ ব্যক্তির সাথে রাষ্ট্রের সম্পর্ক
ⓖ শাসন বিভাগের সাথে আইন বিভাগের সম্পর্ক
ⓘ এক রাষ্ট্রের সাথে অন্য রাষ্ট্রের সম্পর্ক

২৭. একনায়কতান্ত্রিক রাষ্ট্রের দোষ কোনটি?
ⓚ মৌলিক অধিকার খর্ব করে না
ⓚ নেতাকে জবাবদিহি করতে হয় না
ⓖ ঘনঘন নীতির পরিবর্তন হয়
ⓘ অর্থের অপচয় হয়

২৮. রাষ্ট্রপতি শাসিত সরকারের উত্তম গুণ কোনটি?
ⓚ বিরোধীদলের মর্যাদা দেয়
ⓚ সমালোচনার সুযোগ থাকে
ⓖ রাজনৈতিক শিক্ষা দেয়
ⓘ দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে

**নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
নব নির্বাচিত চেয়ারম্যান শাহীন আলম পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য কিছু উদ্যোগ নেন এবং কাজ শুরু করেন। তবে এ ধরনের কাজের ব্যয় নির্বাহের জন্য তাকে আয় বৃদ্ধির ব্যবস্থাও করতে হবে।

২৯. শাহীন আলমকে পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য কোন কাজ করতে হবে?
ⓚ রাস্তাঘাট মেরামত
ⓚ পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা
ⓖ বৃক্ষরোপণ করা
ⓘ বিশুদ্ধ পানির ব্যবস্থা করা

৩০. শাহীন আলম আয় বৃদ্ধির জন্য কর আরোপ করতে পারেন—
i. হাট-বাজার, বিবাহ, খেয়াঘাট ইত্যাদির ওপর
ii. ঘরবাড়ির মূল্য ও জমির আয়ের ওপর
iii. সিনেমা, থিয়েটার, যাত্রা ইত্যাদির ওপর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ |

Teachingbd24.com